

# মুগ্ধাত্মক

## ইবিতে র্যাগিং ও ভাঙ্গুরের ঘটনায় ৬ শিক্ষার্থী বহিষ্কার

ইবি প্রতিনিধি

০৪ অক্টোবর ২০২৩, ০০:০০:০০ | [প্রিন্ট সংস্করণ](#)

ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) চিকিৎসাকেন্দ্র ভাঙ্গুর ও হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগের নবীন ছাত্রকে র্যাগিংয়ের ঘটনায় তিন শিক্ষার্থীকে স্থায়ী ও তিনজনকে ১ বছরের জন্য সাময়িক বহিষ্কার করা হয়েছে। মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর শেখ আবদুস সালামের সভাপতিত্বে ছাত্র-শৃঙ্খলা কমিটির সভায় এ সিদ্ধান্ত হয়। বিষয়টি নিশ্চিত করেছেন ছাত্র উপদেষ্টা প্রফেসর ড. শেলীনা নাসরীন।

তবে তাদের এ শাস্তি যথাযথ প্রক্রিয়ায় হয়নি দাবি করে এদিন বিকাল ৪টায় বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটক অবরোধ করে হিউম্যান রিসোর্স বিভাগের শিক্ষার্থীরা। জানা যায়, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ তাদের আত্মপক্ষ সমর্থনের সুযোগ না দিয়েই এসব বহিষ্কারাদেশের সিদ্ধান্ত নেয়। নিয়ম অনুযায়ী, স্থায়ী বহিষ্কারের আগে শিক্ষার্থীদের সাময়িক বহিষ্কার করে কারণ দর্শানো নোটিশ দেওয়া হয়। এছাড়া ছাত্র-শৃঙ্খলা কমিটির এ সিদ্ধান্ত সিন্ডিকেটে সুপারিশ আকারে যাবে। সেখানে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে। তবে এ ছয় শিক্ষার্থী বহিষ্কারের ঘটনায় তা না করে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করে। ফলে শিক্ষার্থীরা তদন্ত প্রতিবেদনকে ভুয়া দাবি করে নতুন তদন্ত কমিটি গঠন ও প্রশাসনের এ প্রহসনমূলক সিদ্ধান্ত বাতিলের দাবি জানায়। সম্ভ্যা ৬টার দিকে ৪৮ ঘণ্টার আলটিমেটাম দিয়ে তালা খুলে দেয় আন্দোলনকারীরা।

র্যাগিংয়ের ঘটনায় জড়িত হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগের ২০২১-২২ শিক্ষাবর্ষের হিশাম নাজির শুভ ও মিজানুর রহমান ইমনকে স্থায়ী বহিষ্কারের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। র্যাগিংয়ের ঘটনায় জড়িত তিন ছাত্র শাহরিয়ার পুলক, শেখ সালাউদ্দীন সাকিব, সাদমান সাকিব আকিবকে এক বছরের সাময়িক বহিষ্কারের সিদ্ধান্ত হয়েছে। একইসঙ্গে মেডিকেল ভাঙ্গুরের ঘটনায় জড়িত আইন বিভাগের ২০১৮-১৯ শিক্ষাবর্ষের রেজওয়ান সিদ্দিকী কাব্যকে স্থায়ী বহিষ্কার করা হয়েছে।

তদন্ত কমিটির আহ্বায়ক ব্যবসায় প্রশাসন অনুষদের ডিন প্রফেসর সাইফুল ইসলাম যুগান্তরকে বলেন, তদন্তে কোনো অসঙ্গতি নেই। আমরা উভয়পক্ষের সঙ্গে কথা বলে যাচাই-বাচাই করেই রিপোর্ট দিয়েছি।

প্রষ্টর অধ্যাপক ড. শাহাদৎ হোসেন আজাদ বলেন, শিক্ষার্থীরা ভুল বুঝেছে। তাদের আত্মপক্ষ সমর্থনের সুযোগ দেওয়া হবে। এছাড়া তাদের সশরীরে ডাকাও হবে। তারপর চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by [The Daily Jugantor](#) © 2023

